আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

10 MAY 2025 **7:45—7:55 PM IST**

===

১) ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘর্ষ বিরতি / আজ বিকেল পাঁচটা থেকে কার্যকর ।

(২) প্রতিরক্ষা মন্ত্রী এবং সেনাবাহিনীর তিনটি শাখার প্রধানদের সঙ্গে আজ বৈঠক/

(৩) বরাক উপত্যকার মধ্যে প্রথম শিলচরে সি এন জি স্টেশন ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আজ উদ্বোধন/

এবং

(৪) বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল সকাল আটটা থেকে পঞ্চায়েত নির্বাচনের ভোটগণনা/

ভারত- ও পাকিস্তান উভয় দেশ গুলিবর্ষণ ও সামরিক অভিযান বন্ধ করতে সম্মতি প্রকাশ করেছে । আজ বিকেল পাঁচটা থেকে তাৎক্ষণিকভাবে তা বলবৎ হয়েছে । ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রী কিছুক্ষণ আগে নতুন দিল্লিতে এই কথা ঘোষণা করেছেন । তিনি জানান যে- পাকিস্তানের সেনা অভিযানের সঞ্চালক প্রধান আজ দুপুরে সংঘর্ষ বিরতির প্রস্তাব দিয়ে ফোনে যোগাযোগ করেন । এবং তখন আলোচনার মাধ্যমে এই বিষয়ে সমঝোতায় পৌঁছানো গেছে । এই আলোচনায় উভয় পক্ষ গুলি বর্ষণ ও সামরিক অভিযান বন্ধ রাখতে সম্মত হয়েছে। তিনি বলেন যে- স্থল, জল ও আকাশ পথে সবধরণের গুলিবর্ষণ ও সামরিক অভিযান বন্ধ থাকবে । এই সিদ্ধান্ত কার্যকরী করার জন্য উভয় পক্ষ নির্দেশ দিয়েছে বলেও বিদেশ সচিব জানিয়েছেন। তিনি আরো

বলেন যে- আগামী সোমবার সামরিক অভিযানের সঞ্চালক প্রধান পর্যায়ের আলোচনা পুনরায় অনুষ্ঠিত হবে ।

বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড: এস জয়শংকর ভারত ও পাকিস্তান গুলিবর্ষন ও সামরিক অভিযান বন্ধ করা সম্পর্কে সমঝোতা চুক্তিতে উপনীত হয়েছে বলে প্রকাশ করে সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন ভারত সব ধরনের সন্ত্রাসবাদের বিরুদ্ধে দৃঢ় ও আপোসহীন স্থিতি গ্রহণ করে আসছে । আগামীতে ও এই স্থিতি অব্যাহত থাকবে বলে তিনি দৃঢ়তার সংগে বলেন ।

দেশের সাম্প্রতিক সুরক্ষাজনিত পরিস্থিতি সম্পর্কে আলোচনার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীতে এক উচ্চ পর্যায়ের বৈঠকে মিলিত হন ।এই বৈঠকে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং , জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল , চীফ অফ ডিফেন্স ষ্টাফ অনিল চৌহান ছাড়া ও সশস্ত্র বাহিনীগুলির প্রধান ও প্রবীন আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ বরাক উপত্যকার মধ্যে এই প্রথম শিলচরে সি এন জি ষ্টেশন ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে উদ্বোধন করেন ।এছাড়া হাজো , শোয়ালকুচি , রঙিয়া ও বাইহাটা চারিয়ালিতে পাইপযোগে গ্যাস সরবরাহের প্রাথমিক কাজের ও তিনি সূচনা করেন । গৌহাটী লোকসেবা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে এই প্রকল্পগুলি ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে উদ্বোধন করে মুখ্যমন্ত্রী গৌহাটী মহানগরীতে পাইপের মাধ্যমে প্রাকৃতিক গ্যাস সরবরাহের প্রকল্পের ও আনুষ্ঠানিকভাবে সূচণা করেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তার ভাষনে আজকের দিনটি গৌরবের দিন বলে অভিহিত করে পূর্ব ভারতী গ্যাস প্রাইভেট লিমিটেড দ্বারা পাইপযোগে প্রাকৃতিক গ্যাস সরবরাহের এই পদক্ষেপকে এক উজ্জ্বল ভবিষ্যতের সূচণা বলে মন্তব্য করেন ।তিনি বলেন যে কামরুপ , কামরুপ মহানগর ,কাছাড় , হাইলাকান্দি ও শ্রীভূমি জেলায় সিটি গ্যাস বিতরণ নেটোয়ার্ক স্থাপনের উদ্দেশ্যে আসাম গ্যাস কোম্পানী লিমিটেড , অয়েল ইন্ডিয়া লিমিটেড ও গেইল গ্যাস লিমিটেডের যৌথ প্রতিষ্ঠান হিসেবে পূর্ব ভারতী গ্যাস প্রাইভেট লিমিটেড গঠন করা হয়েছিল ।কেন্দ্রীয় সরকার একটি স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে আসামে সিটি গ্যাস বিতরণ নেটোয়ার্ক স্থাপনের কাজ আরম্ভ করেছে বলে মন্তব্য করে তিনি বলেন যে রাজ্যের অন্যান্য অঞ্চলে ও একইভাবে পাইপের মাধ্যমে প্রাকৃতিক গ্যাস সরবরাহের উদ্দেশে কাজ অব্যাহত রয়েছে ।মুখ্যমন্ত্রী জানান যে পূর্ব ভারতী গ্যাস

প্রাইভেট লিমিটেড সমগ্র প্রকল্পটিতে দুই হাজার ৬ শ ১৬ কোটি ৯৫ লক্ষ টাকা ব্যয় করবে ।গৌহাটীতে পাইপের মাধ্যমে জল সরবরাহের কাজে জড়িত প্রতিষ্ঠানগুলি খুব অসুবিধার সম্মুখীন হয়েছিল বলে উল্লেখ করে তিনি বলেন তবে পূর্ব ভারতী গ্যাস প্রাইভেট লিমিটেড পাইপ স্থাপনের এই কাজ অত্যন্ত দক্ষতার সংগে সমাপ্ত করেছে ।

পাকিস্তানের পক্ষ থেকে সামাজিক মাধ্যমে প্রচার করা ভূয়ো তথ্যসমূহে বিশ্বাস না করতে এবং নির্ভরযোগ্য তথ্যের জন্য প্রেস ইনফর্মেশন ব্যুরো'র তথ্য অনুসরণ করার আহ্বান জানানো হয়েছে। উল্লেখ্য- উভয় দেশের মধ্যে চলতে থাকা উত্তেজনাময় পরিস্থিতির মধ্যে পাকিস্তান কিছু এডিটেড ভিডিও, ফটো ইত্যাদি প্রচার করে জনসাধারণের মধ্যে ভুল তথ্য প্রচার করছে । এধরণের সন্দেহজনক তথ্য লাভ করলে প্রেস ইনফর্মেশন ব্যুরো'কে অবগত করারও আহ্বান জানানো হয়েছে । এরজন্যে ৮৭৯৯৭১১২৫৯ নম্বরে ওয়াট্স এ্যাপের মাধ্যমে এবং socialmedia@pib.gov.in এ ই-মেল যোগে অবগত করতে বলা হয়েছে ।

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল সকাল আটটা থেকে পঞ্চায়েত নির্বাচনের ভোটগণনা হবে । কাছাড় জেলার ভোট গননা শিলচর রামনগর আই এস বি টি এবং আই এস টি টি -তে অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসনের পক্ষ থেকে ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করতে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । মোট ২১টি কক্ষে ভোট গণনা করা হবে । আই এস বি টি'তে আটটি কক্ষ, আই এস টি টি'তে তেরোটি কক্ষে গণনার কাজ করা হবে । প্রতিটি কক্ষে দশটি টেবিল থাকবে । আগামীকাল কাছাড় জেলার মোট চার হাজার ৪৯৬জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ হবে ।

এদিকে ভোটগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে শিলচর রামনগর আই এস বি টি এবং আই এস টি টি-র একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোনো ধরনের যানবাহন পার্কিং করা যাবে না , পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা সংক্রান্ত পরিচয় পত্র ছাড়া কোনও ব্যাক্তিকে আই এস বি টি এবং আই এস টি টি প্রাঙ্গনে প্রবেশ করতে দেওয়া হবে না । পাশাপাশি হাতে কোনো ধারালো অস্ত্র , লাঠি বা বিজয় উৎসব পালনের জন্য কোন ধরনের সামগ্রী নিয়ে প্রবেশ করা যাবে না । গণনা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোনও

অস্থায়ী খাবার , পানীয় জলের দোকান খোলা যাবে না । এই নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে । এছাড়া লক্ষ্মীপুর সম-জেলার প্রশাসনিক কার্যালয় প্রাঙ্গণে আগামীকাল মোট চারটি জেলা পরিষদের ভোট গণনা চারটি পৃথক কক্ষে অনুষ্ঠিত হবে ।

শ্রীভূমি জেলায় করিমগঞ্জ কলেজের ৮টি গননা কক্ষে জেলার আটটি জেলা পরিষদ আসন সহ অন্যান্য পদের পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা আগামীকাল অনুষ্ঠিত হবে । প্রতিটি গননা কক্ষে ১০টি করে টেবিল থাকবে । প্রতিটি গননা কক্ষ সিসিটিভি-র তদারকিতে থাকবে এবং সব ধরনের গতি বিধি রেকর্ড করা হবে । এদিকে শ্রীভূমির পাথারকান্দি সম-জেলার ভোটগণনা আকাইদুমে করা হবে ।

অন্যদিকে রামকৃষ্ণ নগর সম-জেলার চারটি জেলা পরিষদ সহ অন্যান্য আসনের ভোট গণনা রামকৃষ্ণ নগর কলেজের চারটি কক্ষে অনুষ্ঠিত হবে । প্রতিটি কক্ষে দশটি টেবিল থাকবে ।

এদিকে হাইলাকান্দির এস এস কলেজের ৮টি কক্ষে আগামীকাল পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা করা হবে । এই জেলার আটটি জেলা পরিষদ, ৫৭টি আঞ্চলিক পঞ্চায়েত এবং ৫৫৮টি গ্রাম পঞ্চায়েত সদস্য পদের জন্য ভোট গণনা করা হবে। আটটি কক্ষে দশটি করে টেবিল থাকবে । আজ জেলা আয়ুক্ত এন এইচ গৌতম গণনা কক্ষ সমূহ পরিদর্শন করে সবধরণের প্রয়োজনীয় সুযোগ সুবিধার খোঁজ নেন । গণনা কেন্দ্রে মোবাইল ফোন , কমপিউটার , ল্যাপটপ সহ কোন ধরনের ইলেকট্রনিক সামগ্রী নিয়ে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে । সকাল সাতটায় স্ট্রং রুম খোলা হবে এবং সকাল ৮টা থেকে ভোট গননা শুরু হবে ।

পঞ্চায়েত নির্বাচনের জন্য কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে অধিগ্রহণ করা যানবাহন সমূহের মালিক ও মালিকপক্ষের এসোসিয়েশন সমূহের পদাধিকারীদের এক নির্দেশে কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পঞ্চায়েত নির্বাচনের ট্রান্সপোর্ট সেলের ভারপ্রাপ্ত আধিকারিক জানিয়েছেন যে তাঁদের বকেয়া প্রাপ্তির জন্য আগামী ২০ শে মের মধ্যে শিলচরের ডাকবাংলোস্থিত ট্রান্সপোর্ট সেলে বিল জমা দিতে হবে ।
পুলিশ প্রশাসনের কাজে ব্যবহৃত যানবাহন সমূহের বকেয়া প্রাপ্তির জন্য শিলচরের পুলিশ রিজার্ভে বিল জমা দিতে হবে ।

সাংহাইতে চলতে থাকা আর্চারী বিশ্বকাপে ভারত আজ তিনটি পদক লাভ করেছে । ভারতের অভিষেক বার্মা, অজেশ দেওতাল এবং ঋষভ যাদবের পুরুষদের দলটি ফাইনালে মেক্সিকোকে ২৩২-২২৮ পয়েন্টে পরাজিত করে সোনার পদক অর্জন করেছে । ভারতীয় দলটি এর আগে সেমি ফাইনালে ডেনমার্ককে এবং কোয়ার্টার ফাইনালে গ্রেট ব্রিটেইনকে পরাস্ত করে।

এই প্রতিযোগিতায় ভারতীয় মহিলা দলটি রূপোর পদক অর্জন করে । জ্যোতি সুরেখা ভেন্নাম, মধুরা ধামাংগাওকার এবং সিকিথা টানিপার্থীর দলটি ফাইনালে মেক্সিকোর বিরুদ্ধে পরাজিত হয়েছে । মহিলা দলটি সেমি ফাইনালে কাজাখস্থানকে এবং কোয়ার্টার্ট ফাইনালে গ্রেট ব্রিটেইনকে পরাস্ত করে । এদিকে অভিষেক বার্মা এবং মধুরা ধামাংগাওকার জুটি উভয় শাখায় তৃতীয় স্থানের জন্য অনুষ্ঠিত খেলায় মালেশিয়াকে পরাস্ত করে ব্রোঞ্জ পদক লাভ করেছে ।

অরুণাচল প্রদেশের ইউপিয়াতে অনুষ্ঠেয় অনুর্দ্ধ ১৯ সাফ চ্যাম্পিয়নশিপ ফুটবল প্রতিযোগিতায় ভারত আগামী মঙ্গলবার নেপালের বিরুদ্ধে খেলবে । গতকাল অনুষ্ঠিত একটি খেলায় ভারতীয় পুরুষ দল শ্রীলংকাকে ৮-০ গোলের ব্যবধানে পরাজিত করেছে । এদিকে বাংলাদেশ এবং মালদ্বীপের মধ্যে গতকালের খেলা ২-২ গোলে ড্র হয়েছে । উল্লেখ্য- সাফ চ্যাম্পিয়নশিপে ছ’টি দেশ অংশগ্রহণ করেছে । গ্রুপ-এ’তে বাংলাদেশ, ভূটান এবং মালদ্বীপ ও গ্রুপ-বি’তে ভারত, শ্রীলংকা এবং নেপাল রয়েছে ।